

গ্রীস দেশে অবস্থিত রিফিউজীদের জন্য দরকারী তথ্য  
ডাবলিন ফ্যামিলি রিউনিফিকেশন (ডি,এফ,আর) ও ব্রেঞ্জিট



Refugee Legal Support is a restricted fund under the  
auspices of Prism the Gift Fund - charity no 1099682

**এই কাগজ যারা বিতরণ করছেন, তাঁরা কে?**

রিফিউজী লিগ্যাল সাপোর্ট (আর,এল,এস) – ২০১৭ সালে ব্রিটেনে প্রতিষ্ঠিত এক সংস্থা।  
আমাদের এই সংস্থা স্থাপন করেছেন ইমিগ্রেশনের আইন বিশেষজ্ঞ কয়েকজন ব্রিটিশ  
আইনজীবী। গ্রীসের রাজধানী আথেনস শহরে আমাদের এক অফিস আছে। আমরা  
রিফিউজীদের “এসাইলাম এপলিকেশন” তৈরী করার ব্যাপারে সাহায্য করে থাকি। বিচ্ছিন্ন  
পরিবার সদস্য একত্রিত করার লক্ষ্যে আমরা পরামর্শ দিয়ে থাকি ও সহায়তা করে থাকি।

**ডাবলিন ফ্যামিলি রিউনিফিকেশন (ডি,এফ,আর) কি?**

ডাবলিন শহরে রিফিউজীদের গ্রহণ সংক্রান্ত একটা নিয়মাবলি স্থাপন হয়েছে। সেই  
নিয়মাবলিটাকে “ডাবলিন ফ্যামিলি রিউনিফিকেশন” অথবা ডি,এফ,আর বলা হয়। যে সকল  
দেশ এই নিয়মাবলি মানে তারা হল ডেনমার্ক ছাড়া ই,ইউ-এর সমস্ত দেশ, উপরন্তু নরওয়ে,  
আইসল্যান্ড, সুইজারল্যান্ড ও লিখটেনষ্টাইন। ডি,এফ,আর নিয়মাবলির মধ্যে বিচ্ছিন্ন পরিবার  
সদস্য একত্রিতকরণের প্রণালী বর্ণিত রয়েছে।

**ডি,এফ,আর নিয়মাবলি অনুসারে আমার দরখাস্ত সফল হলে কি হবে ?**

ডি,এফ,আর নিয়মাবলি অনুসারে আপনার পরিবার একত্রিতকরণের দরখাস্ত সফল হলে,  
আপনার পরিবারের বাকী সদস্য যে দেশে অবস্থিত সেই দেশে আপনাকে পাঠানো হবে। তার  
পরে সেই দেশে আপনার এসাইলাম এপলিকেশন বিবেচিত হবে। তবে আপনার পরিবার  
একত্রিতকরণের দরখাস্ত গ্রহণ হয়েছে, শুধু তাই বলে আপনার এসাইলামের দরখাস্ত সফল  
হবে, তাতে কোন নিশ্চয়তা নেই।

[বিঃ দ্রঃ উপরের তথ্যগুলো ১।২।২০২০ তারিখে রচিত। পরবর্তীতে রদ-বদল হতে পারে।]  
উয়েবসাইটঃ [www.refugeelegalsupport.org](http://www.refugeelegalsupport.org)

## ডি,এফ,আর-এর জন্য কে কে এপ্লাই করতে পারে?

- যাদের সন্তান আছে, তারা নিজেদের অবিবাহিত নাবালিগ সন্তানের সাথে একত্রিত হবার জন্য এপ্লাই করতে পারে, যদি সেই সন্তান ডি,এফ,আর সংশ্লিষ্ট দেশে এসাইলামের জন্য দরখাস্ত করে থাকে অথবা থাকার অনুমতি পেয়ে থাকে।

- বিবাহিত পুরুষ নিজের স্ত্রীর সাথে, বিবাহিত মহিলা নিজের স্বামীর সাথে একত্রিত হবার জন্য এপ্লাই করতে পারে, যদি সেই স্ত্রী অথবা স্বামী ডি,এফ,আর সংশ্লিষ্ট দেশে এসাইলামের জন্য দরখাস্ত করে থাকে অথবা থাকার অনুমতি পেয়ে থাকে।

- কম বয়সের যে কোন ছেলে অথবা মেয়ে নিজের মা, বাবা, ভাই, বোন, চাচা, ফুফু, মামা, খালা, দাদা, দাদী, নানা, নানী, যে কোন নিকট আত্মীয়ের সাথে একত্রিত হবার জন্য এপ্লাই করতে পারে, যদি সেই আত্মীয় ডি,এফ,আর সংশ্লিষ্ট দেশে আইনানুগ ভাবে বসবাস করে থাকে।

- কোনও কোনও ক্ষেত্রে একজন বয়ঃপ্রাপ্ত ব্যক্তি নিজের প্রেমিক/প্রেমিকা, বিবাহিত সন্তান অথবা অন্য আত্মীয়ের সাথে একত্রিত হবার জন্য এপ্লাই করতে পারে, যদি সেই মানুষ ডি,এফ,আর সংশ্লিষ্ট দেশে আইনানুগ ভাবে বসবাস করে থাকে। তবে বিশেষ বিশেষ কারণ থাকতে হবে। এই ধরনের ক্ষেত্রে অনুমতি পাওয়া বেশ কঠিন।

## এপ্লাই কি ভাবে হয়?

১) একত্রিতকরণের এপ্লাই করতে হলে আপনাকে প্রথমে গ্রীস দেশেই এসাইলামের দরখাস্ত করতে হবে। যে সময় আপনার এসাইলাম সার্ভিসের অফিসে স্বাক্ষাৎকার হয় ও আপনি এসাইলামের 'সাদা কার্ড' হাতে পান, সে সময়ই অফিসারদের বলতে হবে যে ডি,এফ,আর সংশ্লিষ্ট দেশে আপনার নিজের মানুষ আছে এবং সেই মানুষের সাথে আপনি একত্রিত হতে চান।

। আপনার বিশেষ বিশেষ দলিলের প্রয়োজন হবে, যেমন – (ক) সেই মানুষের লিখিত অনুমতি; (খ) সেই মানুষ সেই দেশে কোন অধিকারে থাকে তার প্রমাণ; (গ) সেই মানুষের সাথে আপনার সম্পর্ক কি, তার প্রমাণ।

২) গ্রীস থেকে আপনার একত্রিত হবার দরখাস্ত পাঠানো হবে যে দেশে আপনার মানুষ থাকে সে দেশে। দরখাস্তটা তিন মাসের ভিতরে জমা হতে হবে (জার্মানীতে তিন মাসের হিসাব শুরু হয় আপনার গ্রীসে প্রথম রেজিষ্ট্রেশনের তারিখ থেকে; অন্যত্র আপনার দরখাস্ত জমার তারিখ থেকে)। যে দেশে দরখাস্ত পাঠানো হয়, সে দেশ যদি দুই মাসের ভিতরে কোন উত্তর না দেয় তবে দরখাস্তটা স্বয়ংক্রিয়ভাবে কার্যকর হবে এবং আপনার এসাইলামের কেইস সেই দেশে বিবেচিত হবে। তখন ছয় মাসের ভিতরে আপনাকে সেই দেশে পাঠানো হবে, আপনার যাতায়াতের সব ব্যবস্থা গ্রীস সরকার করবে। যে কোন একত্রিত হবার দরখাস্ত নাকচ হলে পুনর্বিবেচনার জন্য আপিল করা যায়, তবে তা করতে হবে তিন সপ্তার ভিতরে।

### আমার কর্তব্য কি?

গ্রীস কর্তৃপক্ষেরা যে আপনার একত্রিকরণের ইচ্ছাটা বুঝে ফেলে ও সময় মত সেই অনুসারে আপনার হয়ে এক দরখাস্ত পাঠায়, এই ব্যাপারে আপনাকে নজর রাখতে হবে ও সতর্ক থাকতে হবে। আপনি যে সব কাগজপত্র আপনার একত্রিকরণের জন্য তাদের কাছে জমা দেন, সেগুলির কপি নিজের কাছে রাখা খুব জরুরী। অপরদিকে যাদের সাথে আপনি একত্রিত হতে চান তারাও যেন প্রয়োজনীয় কাগজপত্র ঠিক করে রাখে এবং কপি রাখে। কোন এডভাইজার জড়িত থাকলে তাকেও সব ব্যাপারে অবগত রাখতে হবে। গ্রীসের এসাইলাম সার্ভিসের সাথে সব সময় যোগাযোগ রাখবেন, আপনার দরখাস্তের কোন খবর আছে কি না সময় মত জানার জন্য।

[বিঃ দ্রঃ উপরের তথ্যগুলো ১।২।২০২০ তারিখে রচিত। পরবর্তীতে রদ-বদল হতে পারে।]

উয়েবসাইটঃ [www.refugeelawsupport.org](http://www.refugeelawsupport.org)